**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 14-09-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**PM-Manipur And Mizoram Visit :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল মণিপুর রাজ্য সফর করেন | মণিপুরের চুরাচাঁদপুরে ৭,৩০০ কোটি টাকারও বেশি মূল্যের ১৯টি উন্নয়ন প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন উপলক্ষে আয়োজিত সমাবেশে প্রধানমন্ত্রী ভাষণ দেন | প্রধানমন্ত্রী অনুষ্ঠানে সকল সংগঠনকে তাদের স্বপ্ন পূরণ এবং তাদের সন্তানদের ভবিষ্যৎ সুরক্ষিত করার জন্য শান্তির পথে যাত্রার আহ্বান জানিয়েছেন। প্রধানমন্ত্রী বলেন, সরকার সন্তুষ্ট যে, সাম্প্রতিক সময়ে পাহাড় ও উপত্যকার বিভিন্ন গোষ্ঠীর সাথে চুক্তিতে পৌঁছানোর জন্য আলোচনা হয়েছে। এই প্রকল্পগুলির মধ্যে মণিপুর নগর সড়ক, জল নিষ্কাশন ও সম্পদ ব্যবস্থাপনা উন্নয়ন প্রকল্প, পাঁচটি জাতীয় সড়ক প্রকল্প, মণিপুর ইনফোটেক উন্নয়ন প্রকল্প এবং নয়টি জায়গায় কর্মরত মহিলা হোস্টেল রয়েছে |প্রধানমন্ত্রী বলেন,

#####Byte-PM####

এদিকে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল মিজোরামে প্রথম রেল সংযোগ প্রকল্পের সূচনা করেন | ৮,০৭০ কোটি টাকা ব্যয়ে নির্মিত ভৈরবী-সাইরাং ব্রডগেজ রেলপথের উদ্বোধন করেন প্রধানমন্ত্রী |মিজোরাম এর মাধ্যমে রেলপথে দেশের বাকি অংশের সঙ্গে যুক্ত হলো। প্রধানমন্ত্রী সকালে প্রতিকূল আবহাওয়ার কারণে তুআম্পুই হেলিপ্যাডে অবতরণ করতে না পেরে, লেংপুই বিমানবন্দরে

অবতরণ করেন। সেখান থেকেই তিনি ভিডিও কনফারেন্সে ভৈরবী-সাইরাং রেলপথের উদ্বোধন করেন। তিনি গতকাল আইজল ও  দিল্লির মধ্যে যাতায়াতের জন্য প্রথম রাজধানী এক্সপ্রেস ট্রেন, আইজল-গুয়াহাটি এবং আইজল-কলকাতা ট্রেন পরিষেবারও উদ্বোধন করেন। একইসঙ্গে তিনি ৯,000 কোটি টাকারও বেশি একাধিক প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন | ট্রেন চলাচল উদ্বোধন অনুষ্ঠানে রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণব উপস্থিত ছিলেন |

**********************

**P.M. Modi in Guwahati Bhupen Hazarika :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি গতকাল সন্ধ্যায় গুয়াহাটিতে কেন্দ্রীয় অনুষ্ঠানে প্রয়াত সঙ্গীত শিল্পি ভূপেন হাজারিকার জন্ম শতবর্ষে তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করছেন।। প্রধানমন্ত্রী, ভূপেন হাজারিকাকে একতা এবং জাতীয় সংহতির প্রতীক হিসাবে উল্লেখ করেছেন। প্রধানমন্ত্রী বলেন, ভূপেন হাজারিকার সঙ্গীত ভারতব্যাপী মানুষের মধ্যে একতা সৃষ্টি করেছে এবং  একটি পথনির্দেশনা দিয়েছে। প্র্ধানমন্ত্রী ১00 টাকা মূল্যমানের একটি স্মারক মুদ্রা উন্মোচন করেছেন এবং ২১টি ভাষায় রচিত ভূপেন হাজারিকার একটি জীবনী প্রকাশ করেছেন। অনুষ্ঠানে অসমের রাজ্যপাল লাক্ষ্মণ প্রসাদ আচারিয়া, আসামের মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্ব শর্মা, অরুণাচল প্রদেশের মুখ্যমন্ত্রী পেমা খাণ্ডু এবং কেন্দ্রীয় মন্ত্রী সর্বনন্দ সোনওয়াল উপস্থিত ছিলেন।

প্র্ধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ আসামে ১৮00 কোটি টাকার বিভিন্ন প্রকল্পের শিলান্যাস করবেন।

*******************

**National Forensic University :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, ত্রিপুরা স্বাস্থ্য, শিক্ষা এবং খেলাধুলার মতো গুরুত্বপূর্ণ ক্ষেত্রগুলিতে বিশ্বের দরবারে নিজেকে প্রতিষ্ঠিত করতে পেরেছে। গতকাল গুজরাটের গান্ধীনগরে ন্যাশনাল ফরেন্সিক সায়েন্স ইউনিভার্সিটিতে ওডোন্টলোজি বিষয়ে আন্তর্জাতিক সম্মেলনে বক্তব্য রাখতে গিয়ে তিনি একথা বলেন। তিনি জানান, ফরেন্সিক ওডোন্টলোজি দন্ত বিজ্ঞানের একটি বিশেষ ক্ষেত্র যা বিভিন্ন আইনি বিষয় মোকাবেলায় দাঁতের প্রমাণ ব্যবহার করে।

********************

**Ekalavya School :**

রাজ্যের উপজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা বলেছেন, অভিভাবক ও শিক্ষকদের মধ্যে সহযোগিতা ছাড়া শিক্ষার মান উন্নয়ন করা সম্ভব নয় | গতকাল খুমুলুং একলব্য মডেল রেসিডেন্সিয়াল স্কুলে অভিভাবক সমাবেশে প্রধান অতিথির ভাষণে একথা বলেন | সমাবেশে মন্ত্রী বলেন, শুধু শিক্ষার ক্ষেত্রেই নয়, নৈতিক মূল্যবোধ, শৃঙ্খলা এবং সংস্কৃতির বিকাশেও একলব্য মডেল রেসিডেন্সিয়াল স্কুলের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। স্কুল ম্যানেজমেন্ট কমিটিও গঠন করা হয় গতকাল ।

*********************

**Administrative Raid :**

বিলোনিয়া মহকুমা প্রশাসনের পক্ষ থেকে গতকাল বিলোনিয়ায পুর পরিষদ এলাকায় বিভিন্ন দোকানে অভিযান চালিয়ে মোট ৭৫ কেজি পলিথিন ব্যাগ বাজেয়াপ্ত করা হয় ।ডিসিএম সঞ্জয় শীল জানিয়েছেন বেআইনিভাবে পলিথিন ব্যাগ রাখার দায়ে দোকানদারদের কাছ থেকে ১৫ হাজার ৫00 টাকা জরিমানা আদায় করা হয় এবং ২0 জন ব্যবসায়ীকে কারন দর্শানোর নোটিশ দেওয়া হয়েছে ।একইসঙ্গে প্রচুর পরিমাণে মেয়াদ উত্তীর্ণ খাদ্য সামগ্রী উদ্ধার করে সেগুলি সামগ্রীগুলি ধ্বংস করা হয়।

********************

**BJP Meeting :**

উত্তর ত্রিপুরা জেলা বিজেপির উদ্যোগে গতকাল ধর্মনগরের নেতাজি মূর্তির পাদদেশে এক পথসভা অনুষ্ঠিত হয়। পথসভায় বক্তব্য রাখেন প্রদেশ বিজেপি সভাপতি ও সাংসদ রাজীব ভট্টাচার্য, বিধায়ক যাদব লাল নাথ, ভগবান দাস, প্রাক্তন সাংসদ রেবতী ত্রিপুরা, উত্তর জেলা বিজেপি সভাপতি কাজল দাস প্রমুখ।

*********************

**World Brotherhood Day :**

বিবেকানন্দ কেন্দ্র কন্যাকুমারী, আগরতলা শাখার উদ্যোগে গতকাল আগরতলা প্রেসক্লাবে বিশ্ব ভ্রাতৃত্ববোধ দিবস উদযাপন করা হয়। স্বামী বিবেকানন্দের আমেরিকার শিকাগো শহরে ঐতিহাসিক ভাষণের ১৩২ বছর উপলক্ষে এই দিবস উদযাপন করা হয়েছে। অনুষ্ঠানে আলোচনা করেন ত্রিপুরা হাইকোর্টের প্রাক্তন বিচারপতি স্বপন চন্দ্র দাস, ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদের সভাপতি ডঃ ধনঞ্জয় গণ চৌধুরী প্রমুখ। প্রাক্তন বিচারপতি শ্রীদাস বলেন, স্বামী বিবেকানন্দের ঐতিহাসিক ভাষণ এখনো ভারতীয়দের অনুপ্রেরণা যোগায়। অনুষ্ঠানে স্বাগত ভাষণ দেন বিবেকানন্দ কেন্দ্র কন্যাকুমারী বিভাগের কর্মকর্তা প্রণবাশিস মজুমদার।

**********************

**FOOTBALL :**

চন্দ্র স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন ফুটবলে ব্লাডমাউথ ক্লাব চ্যাম্পিয়ন হয়েছে। সুপার লিগের পঞ্চম খেলায় ব্লাডমাউথ ক্লাব ২-0 গোলে কল্যাণ সমিতিকে হারিয়ে দেয়। উমাকান্ত মিনি স্টেডিয়ামে গতরাতে নৈশালোকে হয় ম্যাচটি। সুপার লিগে তিন ম্যাচের সবকটিতে ব্লাডমাউথ ক্লাব জয় পায়।

********************

**Weather :**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আকাশ সাধারণত মেঘলা থাকবে। বজ্র-বিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি পাতের সম্ভাবনা রয়েছে। দক্ষিণ জেলার কোথাও কোথাও ভারি বৃষ্টিপাতের সতর্কতা

দেওয়া হয়েছে। আগরতলা ও তার আশেপাশে গতকাল সকাল থেকে আজ ভোর পর্যন্ত বৃষ্টি হয়েছে ৭.৬ মিলিমিটার। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫.৮ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৩ ডিগ্রির কাছাকাছি।

*********************

***********************